



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- .....

তারিখ: .....

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : সভাপতি,

ম্যানুজিং কমিটি


পাবনা গোপাল চন্দ্র ইনস্টিটিউশন,


ডাক : পাবনা, উপজেলা : পাবনা সদর, জেলা : পাবনা।

বিষয় : ৬০ বছর পূর্ণ হওয়ায় প্রধান শিক্ষক এর অবসর প্রসঙ্গে।


সূত্র : শিক্ষকগণের আবেদনের তারিখ: ২৩/১০/২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং- ৯৪৬৪/২০১০ এর আদেশ এবং শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কোন শিক্ষকের বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হলে তিনি অবসরে যাবেন। তাছাড়া বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা ২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ অনুযায়ী বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান/ সহ: প্রধান/ শিক্ষক-কর্মচারীদের কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না। পাবনা গোপাল চন্দ্র ইনস্টিটিউশন এর প্রধান শিক্ষক জনাব মো: আব্দুল করিম এর বয়স ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়ায় তার চাকুরীর মেয়াদ বৃদ্ধির সুযোগ নাই। বিধায় শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের আলোকে আপনার বিদ্যালয়ে কর্মরত সহকারী প্রধান শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব অর্পণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেয়া হ'ল।

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী।  
০৭২১-৭৭৫৭৬৮ (অফিস)

স্মারক নং- .....  
তারিখ:   
অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :-

- ১। জেলা শিক্ষা অফিসার, পাবনা।
- ২। প্রধান শিক্ষক (অবসর প্রাপ্ত)  
পাবনা গোপাল চন্দ্র ইনস্টিটিউশন,  
ডাক : পাবনা, উপজেলা : পাবনা সদর, জেলা : পাবনা।
- ৩। সহকারী প্রধান শিক্ষক,  
পাবনা গোপাল চন্দ্র ইনস্টিটিউশন,  
ডাক : পাবনা, উপজেলা : পাবনা সদর, জেলা : পাবনা।

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী।  
০৭২১-৭৭৫৭৬৮



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর .....

তারিখ .....

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।

প্রাপক : প্রধান শিক্ষক  
দাড়িগাছা ইসলামিয়া উচ্চ বিদ্যালয়

ডাকঘর : গোহাইল, উপজেলা:/থানা: শাজাহানপুর, জেলা : বগুড়া।

বিষয় : মাধ্যমিক পর্যায়ে "ব্যবসায় শিক্ষা" বিভাগ খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০৩৮.১৭.২৭১ তারিখ : ২৩/১০/২০১৮ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বগুড়া জেলার শাজাহানপুর উপজেলাধীন দাড়িগাছা ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ে মাধ্যমিক পর্যায়ে ব্যবসায় শিক্ষা বিভাগ খোলার বিষয়ে সম্মতি জ্ঞাপন করায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২৩/১০/২০১৮ইং তারিখ হতে মাধ্যমিক পর্যায়ে "ব্যবসায় শিক্ষা" বিভাগ খোলার অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। সর্বশেষ চাকুরী বিধি মোতাবেক যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ করতে হবে।
- ২। শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের নামে অবৈধভাবে টাকা আদায় করা যাবে না।
- ৩। প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে নিয়োগকৃত জনবলের বেতন ভাতাদি পরিশোধ করতে হবে।
- ৪। অনুদানের অর্থ রশিদের মাধ্যমে সংগ্রহ করত: তা প্রতিষ্ঠানের ফাঙ্ক জমা করত: প্রতিষ্ঠানের উন্নয়নে যথাযথ ভাবে খরচ করতে হবে এবং তার নীরিক্ষা করাতে হবে।
- ৫। শিক্ষক/কর্মচারী নিয়োগের ক্ষেত্রে অনুদানের অর্থ তছরুপ সমক্ষে কোন অভিযোগ উপস্থাপিত হলে তাৎক্ষণিক বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

স্মারক নম্বর

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হলোঃ-

- ১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা, বাংলাদেশ।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (শিক্ষা ভবন) ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া।
- ৬। সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড, কম্পিউটার কেন্দ্র, রাজশাহী
- ৭। জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
- ৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাজাহানপুর, বগুড়া।
- ৯। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী

তারিখ ২৩/১০/১৮

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

০৭২১-৭৭৫৭৬৮ অফিস